



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

যদি আপনি এটি এড়িয়ে মান: নিউজডে র সম্পাদকীয় পাতার বিপরীত দিকে গভর্নর কুওমোর  
বক্তব্য: বিদ্যালয়গুলি COVID-19 এর বিস্তার সম্পর্কে স্মার্ট পার্ট প্রদান করছে

**কুওমো: "আমরা জানি কীভাবে একটি ভাইরাস ছড়িয়ে পড়ে। আমাদের সকলের বাড়িতেই  
কখনও কেউ ভাইরাসে আক্রান্ত হয়েছেন, এবং পরিবারের অন্য সদস্যদের অসুস্থ হয়ে পড়া  
প্রতিরোধ করার জন্য আমাদের কী করতে হয় তা আমরা সবাই জানি। COVID-এর ক্ষেত্রেও একই  
কথা প্রযোজ্য, শুধুমাত্র বৃহত্তর পরিসরে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক পরে থাকা এটি  
ঘটতে দেয় না।"**

নিউজডে গভর্নর অ্যান্ড্রু এম কুওমোর একটি সম্পাদকীয় প্রকাশ করেছে এই যুক্তিতে যে লং  
আইল্যান্ডে সম্প্রদায়ের ইতিবাচকতার হারের তুলনায় স্কুলগুলিতে কম ইতিবাচকতার হার প্রমাণ করে  
যে সবাই যদি জনস্বাস্থ্য নির্দেশিকা মেনে চলেন তাহলে COVID-19 এর বিস্তার নিয়ন্ত্রণ করা সম্ভব।  
সম্পাদকীয়টির পার্শ্ব নিচে পাওয়া যাবে এবং [এখানে](#) অনলাইনে ইংরেজি ভাষায় দেখা যাবে।

যারা প্রাপ্তবয়স্ক, তাদের মধ্যে প্রায় সকলেরই আমাদের ছোটবেলার শিক্ষকদের কাছ থেকে পাওয়া  
শিক্ষা এখনও মনে রয়েছে। এই শিক্ষাগুলো আমাদের সাথে থেকে যায় কারণ এগুলি ক্ষমতামূলক এবং  
সত্য। কিন্তু আজ, আমরা এখনও আমাদের স্কুল এবং শিক্ষকদের কাছ থেকে গুরুত্বপূর্ণ শিক্ষা নিতে  
পারি - এমন শিক্ষা যা আমাদের এই মহামারীর বিপদ দূর করতে সাহায্য করবে, এবং যা জীবন  
বাঁচাতে সাহায্য করবে।

এই বছরে, আমরা আমাদের স্কুলগুলিতে লক্ষ লক্ষ COVID পরীক্ষা করেছি। কোন ব্যতিক্রম ছাড়াই,  
রাজ্যের প্রতিটি অংশে, স্কুলগুলিতে সংক্রমণের হার পার্শ্ববর্তী সম্প্রদায়ের তুলনায় কম; আসলে খুবই  
কম।

স্কুলগুলিতে গড়ে সংক্রমণের হার 3%-এর কম। এমনকি হলুদ জোনগুলিতেও, যেখানে সম্প্রদায়ের  
বিস্তার 5.3%-এর বেশি, স্কুলে সংক্রমণের হার একটি ভগ্নাংশ। উদাহরণস্বরূপ, মাসাপেকুয়া পার্কে,  
সম্প্রদায়ের সংক্রমণের হার 6.6%, কিন্তু স্কুলগুলিতে তা 3.5%। অন্যদিকে লং আইল্যান্ডে, হপগের  
সংক্রমণের হার 6%, কিন্তু স্কুলের হার 1.8%। নিউ হাইড পার্কে, যেখানে সম্প্রদায়ের সংক্রমণের  
হার 3.4%, সেখানে স্কুলের হার 1.5%। রনকনকোমায়, যেখানে সম্প্রদায়ের সংক্রমণের হার 7%-  
এরও বেশি, সেখানে স্কুলের হার 2.6%। সিওসেটে, যেখানে সম্প্রদায়ের সংক্রমণের হার 3%-এরও  
বেশি, সেখানে স্কুলের হার 1.6%। সাউদাম্পটনে, সম্প্রদায়ে 2.8% এবং স্কুলে 1.1%।

যে কোন অভিভাবক জানেন, স্কুল সাধারণত এমন জায়গা যেখানে অসুস্থতা সহজেই ছড়িয়ে পড়ে। কিন্তু COVID-এর ক্ষেত্রে, স্কুল প্রকৃতপক্ষে সম্প্রদায়ের সবচেয়ে নিরাপদ স্থান।

এটা কীভাবে হতে পারে? কারণ স্কুলগুলো মৌলিক নিয়মগুলি মেনে চলে। শিক্ষার্থীরা এবং শিক্ষকরা মাস্ক পরে থাকেন। তারা সামাজিক দূরত্ব অনুশীলন করেন। তারা প্রায়শই নিজের হাত ধুয়ে নেন। আসলে অনেক শিক্ষার্থীরা তাদের বন্ধু-বান্দব এবং পরিবারদের সুরক্ষিত রাখার জন্য তাদের ভূমিকা পালন করার ব্যাপারে বেশ উত্তেজিত এবং অত্যন্ত নির্ভাবান।

আমাদের সকলের তাদের একটি উদাহরণ হিসেবে দেখা উচিত। অনেক প্রাপ্তবয়স্করাই তাদের শিক্ষার প্রতি মনোযোগ দেননি, বিশেষজ্ঞদের উপেক্ষা করে এবং তাদের ক্রিয়াগুলির পরিণতি বিবেচনা না করেই বড় সমাবেশের আয়োজন করে অথবা এই মুহূর্তে আমাদের হাতে সবচেয়ে কার্যকর অস্ত্র: একটি মুখের আবরণ ব্যবহার করতে ব্যর্থ হয়ে।

আমরা জানি কীভাবে একটি ভাইরাস ছড়িয়ে পড়ে। আমাদের সকলের বাড়িতেই কখনও কেউ ভাইরাসে আক্রান্ত হয়েছেন, এবং পরিবারের অন্য সদস্যদের অসুস্থ হয়ে পড়া প্রতিরোধ করার জন্য আমাদের কী করতে হয় তা আমরা সবাই জানি। COVID-এর ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য, শুধুমাত্র বৃহত্তর পরিসরে।

এর বিস্তার নিয়ন্ত্রণ করার জন্য যা প্রয়োজন তা হচ্ছে মানুষের বুদ্ধিমান এবং শৃঙ্খলাপরায়ণ হওয়া। COVID শক্তিশালী, কিন্তু কোন ব্যক্তির শরীরে প্রবেশ না করা পর্যন্ত এর কোন ক্ষমতা নেই। সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক পরে থাকা এটা হতে দেয় না। আমরা জানি পানশালা, রেস্টুরেন্ট এবং বড় জমায়েতগুলি সমস্যাজনক। এখন সামাজিক আচরণ পরিবর্তিত হয়েছে, এবং আরও বেশি মানুষ এখন বাড়িতে ছোট ছোট দলে জড়ো হচ্ছেন। এটা বৃহত্তম বিস্তারের কারণ হয়ে উঠেছে। বাড়ি, পরিবার, বন্ধু-বান্দব নিরাপদ মনে হতে পারে, কিন্তু COVID থেকে নয়।

ভ্যাকসিন আসছে। আমরা সুডঙ্গের শেষে আলো দেখতে পাচ্ছি। আসুন আমরা বুদ্ধিশালী হয়ে থাকি -এবং বেঁচে থাকি -যতক্ষণ না আমরা সেখানে পৌঁছাই।

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)